

ইবিতে শিক্ষক নিয়োগবাণিজ্য তদন্তে কমিটি

ইবি প্রতিনিধি

২ জুলাই ২০১৯ ০০:০০ | আপডেট: ১ জুলাই ২০১৯ ২৩:৩৩



দৈনিক আমাদের সময়
আমাদের সময়

ইসলামী বিশ্ববিদ্যালয়ে শিক্ষক নিয়োগবাণিজ্যে অভিযুক্ত দুই শিক্ষকের বিরুদ্ধে তদন্ত কমিটি গঠন করেছে বিশ^বিদ্যালয় প্রশাসন। উপাচার্য অধ্যাপক ড. হারুন-উর-রশিদ আসকারী গতকাল সোমবার বাংলা বিভাগের প্রফেসর ড. সরওয়ার মুর্শেদকে আহ্বায়ক করে তিন সদস্যের তদন্ত কমিটি গঠন করেন। বিশ^বিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার এসএম আব্দুল লতিফ স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে বিষয়টি নিশ্চিত করা হয়েছে। কমিটির অন্য সদস্যরা হলেন ইনফরমেশন অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. তপন কুমার জোদ্ধার এবং কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. আহসান-উল-আম্বিয়া। প্রসঙ্গত, গত ২৮ জুন ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং বিভাগের শিক্ষক নিয়োগবাণিজ্যের অডিও ফাঁস হওয়ায় অভিযুক্ত দুই শিক্ষককে সাময়িক বরখাস্ত করে বিশ^বিদ্যালয় প্রশাসন। অডিও থেকে জানা যায়, প্রার্থীর সঙ্গে ১৮ লাখ টাকায় চুক্তি হয়। অভিযুক্তরা হলেন ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং বিভাগের সহযোগী অধ্যাপক ড. রহুল আমিন ও ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক আব্দুর রহিম। বিষয়টি প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিশ^বিদ্যালয়ের কর্মচারী দক্ষতা ও শৃঙ্খলা বিধির ৩ (গ) ধারায় অপরাধ দেখিয়ে দুই শিক্ষককে সাময়িক বরখাস্ত করে বিশ^বিদ্যালয় প্রশাসন।